



ওয়াশিংটনে গাজা ইস্যুতে ট্রাম্পের বৈঠক যুদ্ধবিরতি বাস্তবায়নে নতুন উদ্যোগের ইঙ্গিত



সংগৃহীত ছবি

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বুধবার (২৭ আগস্ট) হোয়াইট হাউসে গাজা ইস্যুতে বৈঠক করবেন। একইদিন স্টেট ডিপার্টমেন্টে ইসরায়েলের পররাষ্ট্রমন্ত্রী গিডিয়ন সার ও মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কে রুবিওর মধ্যে বৈঠক অনুষ্ঠিত হবে। নির্বাচনী প্রতিশ্রুতিতে যুদ্ধ বন্ধের অঙ্গীকার করলেও তা এখনও বাস্তবায়ন হয়নি। এদিকে গাজার মানবিক বিপর্যয় নিয়ে বিশ্বজুড়ে সমালোচনা বাড়ছে।

মার্কিন বিশেষ দূত স্টিভ উইটকফ জানিয়েছেন, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বুধবার (২৭ আগস্ট) হোয়াইট হাউসে গাজা ইস্যুতে গুরুত্বপূর্ণ বৈঠক করবেন। যুক্তরাষ্ট্র আশা করছে, এ বছরের মধ্যেই ইসরায়েলের যুদ্ধের সমাপ্তি ঘটানো সম্ভব হবে।

অন্যদিকে মার্কিন পররাষ্ট্র দফতরের তথ্য অনুযায়ী, বুধবার স্থানীয় সময় বিকেল ৩টা ১৫ মিনিটে ওয়াশিংটনের স্টেট ডিপার্টমেন্টে বৈঠকে বসবেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কে রুবিও ও ইসরায়েলের পররাষ্ট্রমন্ত্রী গিডিয়ন সার।

২০২৪ সালের নির্বাচনী প্রচारे ট্রাম্প গাজায় যুদ্ধ দ্রুত শেষ করার প্রতিশ্রুতি দিয়েছিলেন। চলতি বছরের জানুয়ারিতে দ্বিতীয় মেয়াদে দায়িত্ব নেওয়ার পর সেই অঙ্গীকার পুনরায় উচ্চারণ করলেও বাস্তবে তা সম্ভব হয়নি। মার্চ মাসে ইসরায়েলি হামলায় প্রায় ৪০০ ফিলিস্তিনি নিহত হলে অল্প সময়ের জন্য টিকে থাকা যুদ্ধবিরতি ভেঙে পড়ে।

এদিকে সাম্প্রতিক সপ্তাহগুলোতে গাজায় ক্ষুধার্ত শিশু ও অসহায় মানুষের ছবি আন্তর্জাতিক মহলে ক্ষোভ ও নিন্দা সৃষ্টি করেছে। মানবিক সংকটের জন্য ইসরায়েল তীব্র সমালোচনার মুখে পড়ছে।

সূত্র: রয়টার্স